



## নিরাপত্তা সঙ্কটে ভুগছে রুয়েট শিক্ষার্থীরা

প্রকাশিত: ২০ - মার্চ, ২০১৮ ১২:০০ এ. এম.

রাবি সংবাদদাতা ॥ রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) শাখা ছাত্রলীগের সভাপতি ও সাধারণ গ্রুপের মধ্যে সংঘর্ষের পর থেকে ক্যাম্পাসে আতঙ্ক বিরাজ করছে। ফের সংঘর্ষের আতঙ্কে শিক্ষার্থীরা নিরাপত্তা সঙ্কটে ভুগছেন। অনেক শিক্ষার্থী ভয়ে হলে ফিরছে না। এতে নিয়মিত একাডেমিক কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে বলে অভিযোগ শিক্ষার্থীদের। এমন অবস্থা থেকে উত্তরণে ক্যাম্পাসে নিরাপত্তা নিশ্চিতকরণসহ পাঁচ দফা দাবিতে সোমবার সকালে উপাচার্য বরাবর স্মারকলিপি দিয়েছে শিক্ষার্থীরা।

তাদের অন্য দাবিগুলো হলো, রুয়েটের হামিদ হলে লুটপাট হওয়া শিক্ষার্থীদের ল্যাপটপ, ফোন, নগদ অর্থ ও অন্যান্য মালামাল উদ্ধারে যথাযথ ব্যবস্থা গ্রহণ, এ ধরনের ঘটনা রোধে জড়িতদের চিহ্নিত করে আইনী ও প্রাতিষ্ঠানিকভাবে শাস্তি প্রদান এবং ক্যাম্পাসে বহিরাগতদের প্রবেশে নিষেধাজ্ঞা আরোপ করা। স্মারকলিপিতে উল্লেখ করা হয়, ৮ মার্চ রাতে বিশ্ববিদ্যালয়ের হামিদ হলের শিক্ষার্থীদের ওপর একদল সশস্ত্র সন্ত্রাসীর হামলায় মারাত্মক আহত হন ৮ শিক্ষার্থী। এ সময় হামলাকারীরা হলের বিভিন্ন রুম ভাঙচুর চালিয়ে ১৫ লাখ টাকার ক্ষতি সাধন করে।

কসবায় ট্রেনের ধাক্কায় নিহত এক

স্টাফ রিপোর্টার, ব্রাহ্মণবাড়িয়া ॥ কসবায় ট্রেনের ধাক্কায় এক অজ্ঞাত মহিলা পথচারীর মৃত্যু হয়েছে। সোমবার দুপুরে উপজেলার হাপুর নামকস্থানে এ ঘটনাটি ঘটে। পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানায়, দুপুরে কসবা থেকে ছেড়ে যাওয়া চট্টগ্রামগামী নাসিরাবাদ ট্রেনটি হাপুর নামক স্থানে পৌঁছলে অজ্ঞাত ঐ নারী পথচারীর সঙ্গে ধাক্কা লাগে। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। তবে তার নাম ঠিকানা কেউ জানাতে পারেনি।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাফিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com